

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩৯০

তারিখ: ১১ ফাল্গুন ১৪২৬

২৪ ফেব্রুয়ারি ২০২০

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

আজ ২৪ ফেব্রুয়ারি ২০২০ খ্রি: সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

রংপুর, রাজশাহী, পাবনা, বগুড়া, যশোর এবং কুষ্টিয়া অঞ্চলসমূহের উপর দিয়ে পশ্চিম/উত্তর-পশ্চিম দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থাঃ পশ্চিমা লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন বাংলাদেশ এলাকা পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।

পূর্বাভাসঃ রংপুর, রাজশাহী, খুলনা, ঢাকা ও ময়মনসিংহ বিভাগের দু-এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানতঃ শুষ্ক থাকতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশের রাতের তাপমাত্রা (১-২) ডিগ্রী সে. বৃদ্ধি পেতে পারে। রংপুর, রাজশাহী, খুলনা ও ঢাকা বিভাগের দিনের তাপমাত্রা (১-২) ডিগ্রী সে. বৃদ্ধি পেতে পারে এবং দেশের অন্যত্র প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি অব্যাহত থাকতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩২.০	২৭.১	৩২.৫	৩১.৫	৩০.০	৩১.৫	৩২.০	৩২.৫
সর্বনিম্ন তাপমাত্রা	১৪.৮	১৬.৫	১৪.৫	১৫.৪	১৬.৫	১৩.৮	১৫.৭	১৬.২

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল চাঁদপুর ও পটুয়াখালী ৩২.৫° এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ১৩.৮° সেঃ।

অগ্নিকান্ডঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়,

২২/০২/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ২৩/০২/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ৪২টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের তথ্য নিয়ে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৮	০	০
২।	ময়মনসিংহ	৩	০	০
৩।	বরিশাল	০	০	০
৪।	সিলেট	০	০	০
৫।	রাজশাহী	১	৪	০
৬।	রংপুর	২	০	০
৭।	চট্টগ্রাম	১৪	০	০
৮।	খুলনা	১৪	২	০
	মোট	৪২	৬	০

উল্লেখযোগ্য অগ্নিকান্ড (জেলাভিত্তিক তথ্য):

১। সিরাজগঞ্জঃ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স থেকে টেলিফানের মাধ্যমে জানা গেছে যে, গতকাল ২৩/০২/২০২০খ্রিঃ তারিখ সন্ধ্যা ৭.১০ ঘটিকায় দখিয়ারবাড়ী, সায়েদাবাদ এলাকায় মোঃ সানোয়ার হোসেন এর বসতবাড়ীতে গ্যাস সিলিন্ডার লিক হয়ে অগ্নিকান্ড সংঘটিত হয়। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের ০২ টি ইউনিট অংশগ্রহণ করে সন্ধ্যা ৮.২০ ঘটিকায় আগুন নেভাতে সক্ষম হয়। অগ্নিকান্ডে চারজন আহত হয়। আহত ব্যক্তিদের বিস্তারিত তথ্য জানা যায়নি।

২। খুলনাঃ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স থেকে টেলিফানের মাধ্যমে জানা গেছে যে, গতকাল ২৩/০২/২০২০খ্রিঃ তারিখ দুপুর ২.২৫ ঘটিকায় শেখহাটি, জামরুলতলা, কটুয়ালী যশোর এলাকায় মোঃ সালামের সেমিপাকা ঘরে গ্যাসের চুলা থেকে আগুন লাগে। অগ্নিকান্ডের ফলে উৎপন্ন ধোঁয়ার কারণে ফরহাদ (৩) এবং ফারহান (৪) নামের মোট দুইজন আহত হয়।

২৪-২-২০২০

মোহাম্মদ হাফিজুর রহমান

ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অধিশাখা

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩৯০/১

তারিখ: ১১ ফাল্গুন ১৪২৬

২৪ ফেব্রুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ২) পরিচালক, মূল্যায়ন ও পরিবীক্ষণ অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৩) পরিচালক (সকল)
- ৪) উপ-পরিচালক (সকল)
- ৫) জেলা ত্রাণ ও পূর্ণবাসন কর্মকর্তা

৬) প্রবীর কুমার দাস, প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর



২৪-২-২০২০

মোহাম্মদ হাফিজুর রহমান
ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)